দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 MAY 2015 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৬ ...

# চট্টগ্রামের পাঁচ সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক সংকট

■ চট্টগ্রাম অফিস

শিক্ষক সংকটের কারণে চট্টগ্রাম নগরীর ৫টি সরকারি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাহত হচ্ছে পাঠদান। এতে ক্ষতি হচ্ছে কোমলমতি শিক্ষার্থীদের।

২০০৮ সালে শহরে চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম সিটি সরকারি বালিকা বিদ্যালয় ও চট্টগ্রাম সরকারি হাজী মুহাম্মদ মহসিন উচ্চ বিদ্যালয়সহ ৫টি সরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে ডাবল শিফট হিসাবে পাঠদানে অনুমতি দেয়া হয় শিক্ষক নিয়োগ ছাড়াই। ডাবল শিফটকৃত প্রত্যেক প্রতিষ্ঠানে ৫০ জন করে শিক্ষক থাকার কথা। কিন্তু বর্তমানে পাঠদান দেয়া হচ্ছে ২৫ জন করে শিক্ষক দিয়ে। পরবর্তী পর্যায়ে ২০১০ সালে ওই সকল শিক্ষা প্রতিষ্ঠানে শূন্যপদ সৃষ্টি করা হলেও এখন পর্যন্ত কোন শিক্ষক নিয়োগ দেয়া হয়নি।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) চট্টগ্রাম অঞ্চলের উপ-পরিচালক মোহাম্মদ আজিজ উদ্দিন জানান, বর্তমানে সৃষ্ট শূন্যপদগুলোতে নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। সরাসরি নিয়োগ না করলেও অন্য প্রতিষ্ঠান থেকে বদলি হয়ে এসেছেন কয়েকজন শিক্ষক। তবে নতুন করে কোন শিক্ষক নিয়োগ দেয়া হয়নি। শিঘ্রই নিয়োগ প্রক্রিয়াসম্পন্ন করা হবে।